গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

ডাইরী নং............
তারিখ............
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৫(অংশ-১)-২৪১

তারিখ: ০৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২০ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'সড়ক ও জনপথ অধিদপ্তর সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম'এর অনুসন্ধানকালে প্রাপ্ত সুপারিশমালা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরনীতে গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৫(অংশ-১)-২৩৩, তারিখ: ১৯/০৩/২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'সড়ক ও জনপথ অধিদপ্তর সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম'এর অনুসন্ধানকালে প্রাপ্ত সুপারিশমালা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিগত ১৩/০৩/২০১৮ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুপারিশমালা বাস্তবায়নের নিমিত্ত কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় যা বাস্তবায়ন হওয়া প্রয়োজন।

০২. এমতাবস্থায়, সিদ্ধান্ত নম্বর 'ক', 'খ', 'গ', 'ঘ' 'ঙ' ও 'চ' এর আলোকে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২(দুই) পাতা।

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন :৯৫১৪০৭৫
dsmaintenance@rthd.gov.bd

এম এস ডব্লিউ স্মারক নং............
তারিখঃ............
তঃপ্রঃ,সওজ, প্রশাঃ ও সংঃ/তঃপ্রঃ এমআইএস
নিঃ আইন কর্মকর্তা/আরএইচডিটিসি/ এস্টেটস্ অফিসার.
পরিঃনিঃ ও হিঃ/ সিঃ সিঃ এনালিষ্ট।

অঃপ্রঃপ্রঃ এম এস ডব্লিউ

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪. অফিস কপি/মাস্টার কপি।

নং............তাং............
নিঃপ্রঃ প্রঃওসংঃ/তদন্ত/এস্টেট এন্ড ল অফিসার
ব্যবস্থা নিন/আলাপ করুন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন, তেজগাঁও, ঢাকা।

জরুরী/অতীব জরুরী
১ উঃবিঃসঃ
২ সহঃ প্রকৌঃ
৩ প্রঃসংঃ-১/২/৩
৪ বিঃহিঃবঃ

প্রয়োজনীয় ব্যবস্থা নিন
খসড়া উপস্থাপন করুন
আলাপ করুন
নিঃপ্রঃ (সওজ)
প্রশাসন ও সংস্থাপন

E:\Financial Year 2016-2017\Dept. Organization (002.15)-Part-1\Letter.docx

স্মারক নং- ৪০২ (৪০)-ই তারিখঃ ০৭০৪১৬

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরকে অবহিত করার নিমিত্তে সংলগ্নীসহ আদিষ্ট হয়ে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকা/ টেকনিক্যাল সার্ভিসেস উইং, ঢাকা/ব্রীজ ম্যানেজমেন্ট উইং, ঢাকা/যান্ত্রিক উইং, ঢাকা/ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এসিসট্যান্স ফর ডিটেইলড স্ট্যাডি এন্ড ডিজাইন অব ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক (সওজ), ..................................

৪। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ইটনা-মিঠামইন-অষ্ট্রগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা

দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'সড়ক ও জনপথ অধিদপ্তর সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম'এর অনুসন্ধানকালে প্রাপ্ত সুপারিশমালা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখঃ ১৩ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ
সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা
স্থানঃ সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'সড়ক ও জনপথ অধিদপ্তর সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম' যে প্রতিবেদন প্রেরণ করেছে তা একেবারে অমূলক নয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রমে কোনো না কোনো ভাবে বিষয়গুলো ঘটছে। ফলে এসব সুপারিশমালার বিষয়ে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। কেননা এসব বিষয়ের সাথে এ মন্ত্রণালয়ের ভাবমূর্তি জড়িত। তিনি প্রতিবেদনে উপস্থাপিত সুপারিশমালার বিষয়ে উপস্থিত সকলের বক্তব্য আহবান করেন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সচিব মহোদয়ের বক্তব্যের সাথে একমত পোষণ করে বলেন যে, তিনি সুপারিশসমূহ পড়েছেন এবং সুপারিশসমূহ বাস্তবায়ন হওয়া প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করে বলেন, সুপারিশসমূহ বাস্তবায়নে প্রাথমিকভাবে মাঠ পর্যায়ের অফিস, প্রধান প্রকৌশলীর অফিস এবং মন্ত্রণালয় কর্তৃক করণীয় নির্ধারণ করতে হবে। যার যার অবস্থান থেকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারলে বর্তমান অবস্থা থেকে উত্তরণ সম্ভব মর্মে তিনি মনে করেন।

০২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল সড়ক জোন তার বক্তব্যে বলেন যে, তিনি সুপারিশসমূহ একাধিক বার পড়েছেন ফলে তাঁর কাছে মনে হয়েছে যে, বিষয়গুলো প্রতিবেদনে সঠিকভাবেই প্রতিফলিত হয়েছে। তবে সুপারিশসমূহের বিষয়ে ০৩ (তিন) ধাপে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। কিছু ক্ষেত্রে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন, কিছু ক্ষেত্রে স্বল্পমেয়াদী এবং কিছু ক্ষেত্রে দীর্ঘ মেয়াদী ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া সড়ক নির্মাণ কাজের উপকরণসমূহের গুনগতমান বজায় রাখার বিষয়ে যে সুপারিশ আনয়ন করা হয়েছে সে প্রেক্ষিতে বলেন, মহাসড়ক নির্মাণে ব্যবহৃত ইটের খোয়ার Aggregate Crushing Value (ACV) যথাযথভাবে নির্ণয় করে তার ব্যবহারের কথা বলা হয়েছে এবং ব্যবহারের পর ল্যাবরেটরীতে পরীক্ষা করে মানের তারতম্য হলে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। এ বিষয়ে তিনি বলেন ইটের খোয়া ব্যবহার করা হলে পর্যায়ক্রমে তার Aggregate Crushing Value (ACV) কমে আসে তাই কতদিন পরে ল্যাবরেটরীতে পরীক্ষা করতে হবে তা প্রতিবেদনে উল্লেখ নেই। এ বিষয়ে কাজ শেষ হওয়ার পর পরীক্ষা করার একটি সময় নির্ধারণ করা যেতে পারে। তাছাড়া সড়ক ও জনপথ অধিদপ্তরের অন্যান্য প্রকৌশলীগণ প্রতিটি সড়ক বিভাগে ল্যাবের অভাব এবং জনবলের সংকটের বিষয়ে তাদের বক্তব্য তুলে ধরেন। সচিব বর্তমানে উপকরণসমূহের পরীক্ষা কিভাবে সম্পন্ন হচ্ছে তা জানতে চাইলে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা সড়ক জোন বলেন যে, প্রতিটি প্রকল্পের সাথে একটি Build in Laboratory ধরা থাকে। যার মাধ্যমে ঠিকাদার উপকরণের মান পরীক্ষা করেন। তাছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ল্যাবেও গুনগতমান পরীক্ষা করা হয়। এ পর্যায়ে সচিব বলেন যে, পরীক্ষার বিষয়টি ঠিকাদারের উপর থাকলে ঠিকাদার তার মত করেই পরীক্ষার ফলাফল তৈরি করবেন। তাছাড়া ল্যাব এবং জনবলের দোহাই দিয়ে কাজের গুনগতমানের প্রশ্নে রেহাই পাওয়ার অবকাশ নেই। যেভাবেই হউক কাজের গুনগতমান রক্ষা করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন। তাছাড়া কাজের ক্ষেত্রে মাঠ পর্যায়ের দায়িত্বশীলদের গাফিলতি আছে মর্মেও তিনি উল্লেখ করে বলেন, নিয়মিত তদারকির অভাবে অনেকসময় গুনগতমান সম্পন্ন মহাসড়কও নষ্ট হয়। তিনি বলেন, রাস্তায় কোথাও পানি জমলে তা সাথে সাথে নিষ্কাশনের ব্যবস্থা করলে বা কোথাও পটহোল বা ক্র্যাক সৃষ্টি হলে সাথে সাথে মেরামতের ব্যবস্থা নিলে ক্ষতির পরিমাণ বৃদ্ধি পেত না এবং সহজেই মহাসড়ক নষ্ট হত না। কিন্তু দেখা যায় মহাসড়ক নষ্ট হয়ে পত্রিকা বা গণমাধ্যমে আসার পর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়। এ অভ্যাস পরিত্যাগ করতে হবে। তিনি আরো বলেন, বিদ্যমান পরিস্থিতিতে Laboratory Test এর যে ব্যবস্থা আছে তার সর্বোচ্চ ব্যবহার করতে হবে এবং পর্যায়ক্রমে এর পরিধি বৃদ্ধি করতে হবে।

০৩. বিভিন্ন সড়ক জোনের অতিরিক্ত প্রকৌশলীগণও বিদ্যমান ল্যাবসমূহ কর্মক্ষম করার পাশাপাশি জনবল বাড়ানোর বি বক্তব্য পেশ করেন। এ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ সড়ক জোন বলেন সাধারণ ইটের পরিবর্তে Machine made Brick ব্যবহারের বিষয়টি অন্তর্ভূক্ত করা হলে কাজের গুনগতমান বৃদ্ধি পাবে। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর তার বক্তব্যে বলেন যে, প্রতিবেদনের সুপারিশসমূহ ভালভাবে পর্যবেক্ষন করলে দেখা যায় যে, কাজের গুনগতমান রক্ষার বিষয়ে আমাদের কিছুটা গাফিলতি আছে। তবে মনিটরিং ব্যবস্থা জোরদারের মাধ্যমে কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন যে, ওভারলে কাজের ক্ষেত্রে ৬০/৭০ গ্রেডের বিটুমিন ব্যবহারও নিশ্চিত করতে হবে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল সড়ক জোন সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ইজারার ক্ষেত্রে e-Auction প্রবর্তনের বিষয়ে মত দেন। এ বিষয়ে সভায় ঐক্যমত্য পোষণ করা হয়। এ পর্যায়ে অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ দূর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ এবং গৃহীতব্য পদক্ষেপের বিষয়ে একটি জবাব প্রস্তুতপূর্বক দূর্নীতি দমন কমিশন বরাবর প্রেরণ এবং একটি কমিটির মাধ্যমে বিষয়সমূহ অধিকতর যাচাই করে করণীয় নির্ধারণ করা যায় মর্মে উল্লেখ করেন। তাছাড়া জোন ভিত্তিক গণশুনানীর ব্যবস্থা করা যায় মর্মে মতামত ব্যক্ত করেন।

০৪. উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে সচিব বলেন যে, দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের পাশাপাশি কাজের গুনগত মান বজায় রাখার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং দুর্নীতি দমন কমিশনের সুপারিশমালা বাস্তবায়নে প্রয়োজনীয় সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(ক) কাজের গুনগতমান নিশ্চিতকরণসহ দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'সড়ক ও জনপথ অধিদপ্তর সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম' এর সুপারিশমালার আলোকে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারদের জন্য PPR ও নির্মাণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে;

(গ) জোনাল পর্যায়ে গণশুনানীর আয়োজন করতে হবে;

(ঘ) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন টোল, জমি, ফেরিঘাট ইত্যাদি ইজারা প্রদানের জন্য e-Auction প্রবর্তনের জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং

(ঙ) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর দুর্নীতি দমন কমিশনের সুপারিশের আলোকে একটি দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণ করবে;

(চ) পর্যায়ক্রমে সকল সড়ক বিভাগে ল্যাবরেটরী স্থাপন করতে হবে;

(ছ) প্রকল্পের কাজ চলাকালীন সকল সড়ক বিভাগের নিজস্ব মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করতে হবে;

(জ) দুর্নীতি দমন কমিশনের সুপারিশমালার আলোকে জবাব প্রদান এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্মপন্থা নির্ধারনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হল:

- অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সওজ অধিদপ্তর।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা সড়ক জোন।

উপসচিব (রক্ষণাবেক্ষন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কমিটিকে সাচিবিক সহযোগিতা প্রদান করবেন।

০৫. আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৫/০৩/২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৫(অংশ-১)-২৩৩

তারিখ: ০৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩. অতিরিক্ত সচিব, প্রশাসন/এস্টেট/উন্নয়ন/বাজেট/আরবান ট্রান্সপোর্ট/ আইন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৫. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

অনুলিপি:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন :৯৫১৪০৭৫
dsmaintenance@rthd.gov.bd